বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# চুক্তিপত্র

আমি.........................................................................পিতা..........................................................................

গ্রাম................................................পোঃ.............................................থানা...................................................

জেলা........................................................................................................................................................

বর্তমান ঠিকানা:- গ্রামঃ.........................................................................................................................................

পোঃ.........................................থানাঃ.........................................জেলাঃ..................................................

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের ............................................................................ এ মেরিন শিক্ষানবিশ হিসেবে ভর্তি হবার পর নিম্নে বর্ণিত শর্তসমূহ মেনে চলতে বাধ্য থাকবো বলে অঙ্গীকার করছি।

১। আমি কেন্দ্রের সকল প্রকার নিয়মাবলী মেনে চলব। কেন্দ্রের সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি সদাচরন, সমস্ত নির্দেশের প্রতি মর্যাদা এবং সকল আদেশ বিনা প্রশ্নে মেনে চলব। আমি অত্র কেন্দ্র কর্তৃক **নির্ধারিত ছুটি ব্যাতিরেকে কোন প্রকার ছুটিতে গমণ করবো না**, জরুরী অবস্থায় প্রয়োজনে আমার অভিভাবক স্ব-শরীরে হাজির হয়ে ছুটির আবেদন করবেন। আবেদন সাপেক্ষে মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় অবস্থান করলে কর্তৃপক্ষের গৃহীত যে কোন শাস্তিমূলক ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকবো।

২। প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থানকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে বা অনুরুপ প্রতিষ্ঠানে অধ্যয়নরত/প্রশিক্ষণরত থাকবো না। কেন্দ্রের শান্তি শৃঙ্খলা বজায় রেখে কেন্দ্র কর্তৃক নির্দেশিত যাবতীয় কাজ করতে বাধ্য থাকবো।

৩। কেন্দ্রে এক বৎসর প্রশিক্ষণ শেষে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হতে না পারলে কেন্দ্র কর্তৃক যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব। কোন পর্বে তিনের অধিক বিষয়ে অকৃতকার্য বা অংশগ্রহন না করলে পরবর্তী বছর উক্ত বিষয়ে উত্তীর্ণ সাপেক্ষে সনদ প্রাপ্ত হবো। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।।

৪। আমার এই প্রশিক্ষণ এক বৎসর মেয়াদী এবং প্রশিক্ষণের সফল সমাপ্তির পর আমাকে এই মর্মে একটি সনদ প্রদান করা হবে যেখানে শুধুমাত্র প্রশিক্ষণ সময়কালে উপস্থিত ও সফল সমাপ্তি উল্লেখ থাকবে।

৫। এই কেন্দ্র হতে আমাকে কোন ডিপ্লোমা ডিগ্রী বা অনুরূপ অন্য কোন প্রকার সনদ দেয়া হবে না এবং আইএসও মোতাবেক গঠিত কর্তৃপক্ষের অধীনে নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ নৌ-যানে গ্রীজার/ড্রাইভার ও সুকানী/মাষ্টার পদে নিয়োগের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক পরিচালিত পরীক্ষায় অংশগ্রহণই আমার এ প্রশিক্ষণের উদ্দেশ্য।

৬। আমি একটি অভ্যন্তরীণ নৌ-যানে নাবিকের পদে চাকুরী করতে বাধ্য থাকব তবে কেন্দ্র চাকুরীর কোন দায় দায়িত্ব গ্রহণ করবে না এবং ডেক/ইঞ্জিন বিভাগের অন্যান্য নাবিক যে সকল সুযোগ সুবিধা ভোগ করে থাকেন তা ব্যাতিরেকে অন্য কোন সুযোগ বা বিশেষ সুবিধা পাবো না।

৭। কেন্দ্রে অবস্থানকালে কোনরূপ মিথ্যার আশ্রয়, চুরি বা পরীক্ষায় অসদুপায় অবলম্বন অথবা অনুরুপ কোন কাজে জড়িত হলে কেন্দ্র হতে বহিষ্কৃতসহ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত যে কোন শাস্তি মেনে নিতে বাধ্য থাকবো।

৮। নাবিকের পদে (অথবা পদোন্নতি প্রাপ্ত পদে) চাকুরীকালে আমি জাহাজের অন্যান্য ক্রুর সাথে ডেক/ইঞ্জিন বিভাগের কার্যাবলী ছাড়াও জাহাজের মাষ্টার/ড্রাইভারের নির্দেশ মোতাবেক প্রদত্ত যে কোন দায়িত্ব, যেকোন সময় পালন করতে বাধ্য থাকব।

চলমান পাতা-০২

৯। আমি অবগত যে, কেন্দ্রটি একটি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র, সুতরাং হোস্টেলে কোন প্রকার আত্মীয়/বন্ধু বান্ধবের আগমণ বা রাত্রিযাপন করা সম্পূর্ন নিষেধ, অতএব এরুপ প্রচেষ্টা থেকে বিরত থাকব।

১০। আমি বিনা অনুমতিতে কেন্দ্র ত্যাগ করব না, বিনা অনুমতিতে কেন্দ্র ত্যাগ করলে কেন্দ্র কর্তৃক আমার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ প্রদান পূর্বক বহিষ্কৃত হওয়াসহ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যেকোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

১১। কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমি ধূমপান বা যেকোন প্রকারের মাদক সেবন থেকে বিরত থাকব এবং যদি ধূমপান বা মাদক সেবনে ধৃত হই তবে কেন্দ্র কর্তৃক আমার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগসহ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যেকোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

১২। কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমি যেকোন প্রকারের মোবাইল, এয়ারফোন, সীমকার্ড ব্যবহার করা থেকে বিরত থাকব এবং যদি মোবাইল, এয়ার ফোন, সীম কার্ড ব্যবহারের সময় ধৃত হই বা আমার কাছে কোন রকম মোবাইল, এয়ার ফোন, সীম কার্ড পাওয়া যায় তবে কেন্দ্র কর্তৃক আমার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগ করতে বাধ্য থাকব।

আমি উপরোক্ত শর্তসমূহ মেনে নিষ্ঠার সাথে কর্তব্য পালনের পাশাপাশি নাবিক বিদ্যার পড়াশুনা চালিয়ে যাওয়ার অঙ্গীকার করছি।

| প্রার্থীর স্বাক্ষর | অভিভাবকের স্বাক্ষর | স্বাক্ষীর স্বাক্ষর |
|---|---|---|
| নামঃ | নামঃ | নামঃ |
| ঠিকানাঃ | ঠিকানাঃ | ঠিকানাঃ |
| মোবাইল নং- | মোবাইল নং- | মোবাইল নং- |

## অঙ্গীকার নামা (অভিভাবক)

আমি........................................................ পিতা.................................................... এই মর্মে অঙ্গীকার করছি যে, আমার পোষ্য .................................................................. যিনি বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের ................................................ প্রশিক্ষণ কেন্দ্রে.................................... তারিখ মোতাবেক এক বৎসর মেয়াদী কোর্সে শিক্ষানবিশ হিসেবে নির্বাচিত হয়েছেন। আমার পোষ্য কোর্স চলাকালীন নিম্নলিখিত শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকবেঃ-

ক) কোর্স চলাকালীন সময়ে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়মকানুন মেনে চলতে বাধ্য থাকবে।

খ) আমার পোষ্য প্রশিক্ষণকালে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠান বা অনুরুপ প্রতিষ্ঠানে অধ্যয়ণরত/প্রশিক্ষণরত থাকবে না। প্রশিক্ষণ কেন্দ্রের বাহিরে কোন পরীক্ষায় অংশগ্রহন করবে না।

গ) যদি আমার পোষ্য কোর্স সমাপ্তির পূর্বে নিজ ইচ্ছায় চলে যায় এবং শৃঙ্খলাজনিত কারণে বহিষ্কৃত হয় তাহলে কর্তৃপক্ষ এ যাবৎ তার প্রশিক্ষণ বাবদ যে অর্থ ব্যয়কৃত বলিয়া ধার্য্য করবে তার সমুদয় পরিশোধ করতে অভিভাবক হিসেবে আমি বাধ্য থাকব।

ঘ) আমি যদি প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক ধার্য্যকৃত অর্থ যথা সময়ে পরিশোধ করতে ব্যর্থ হই তা হলে প্রচলিত আইনে অভিযুক্ত ও দন্ডনীয় হবো।

ঙ) আমি অবগত যে, কেন্দ্রটি একটি আবাসিক প্রশিক্ষণ কেন্দ্র সুতরাং হোস্টেলে কোন প্রকার আত্মীয়/বন্ধু বান্ধবের আগমণ বা রাত্রিযাপন করা সম্পূর্নরূপে নিষিদ্ধ। আমার পোষ্য বিনা অনুমতিতে কেন্দ্র ত্যাগ করবে না, করলে কেন্দ্র কর্তৃপক্ষ তাকে বহিষ্কার করবে এবং কেন্দ্র কর্তৃক তার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ ফেরত প্রদান করতে আমি বাধ্য থাকব।

চ) কেন্দ্রে অবস্থানকালে আমার পোষ্য কোনরূপ মিথ্যা কথা, চুরি বা পরীক্ষায় অসদুপায় অবলম্বন অথবা অনুরুপ কোন কাজে লিপ্ত হলে কেন্দ্র হতে বহিষ্কৃতসহ এ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

ছ) কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমার পোষ্য ধূমপান বা সকল প্রকারের মাদক সেবন থেকে বিরত থাকবে এবং যদি ধূমপান বা মাদক সেবনে ধৃত হয় তবে কেন্দ্র কর্তৃক তার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ ফেরত প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগসহ এ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

জ) কেন্দ্রে অবস্থানকালীন সময়ে আমার পোষ্য যেকোন প্রকারের **মোবাইল, এয়ারফোন, সীমকার্ড ব্যবহার করা থেকে বিরত থাকবে** এবং যদি মোবাইল, এয়ার ফোন, সীম কার্ড ব্যবহারের সময় ধৃত হয় বা তার কাছে কোন রকম মোবাইল, এয়ার ফোন, সীম কার্ড পাওয়া যায় তবে অত্র কেন্দ্র কর্তৃক তার বিপরীতে খরচকৃত সমুদয় অর্থ ফেরত প্রদান পূর্বক কেন্দ্র ত্যাগসহ এ বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

ঝ) আমার পোষ্য কেন্দ্র কর্তৃক নির্ধারিত ছুটি ব্যতিরেকে কোন প্রকার ছুটিতে গমন করবে না, জরুরী অবস্থায়, প্রয়োজনে আমি স্ব-শরীরে হাজির হয়ে ছুটির আবেদন করবো।

________________      ____________________

মেরিন শিক্ষানবিশ      অভিভাবকের স্বাক্ষর

| স্বাক্ষী | বৈধ অভিভাবক |
|---|---|
| ১। নামঃ<br><br>ঠিকানাঃ গ্রাম:-   পোঃ<br>থানাঃ   জেলাঃ<br>মোবাইল নং-   তারিখঃ<br>২। নামঃ<br><br>ঠিকানাঃ গ্রাম:-   পোঃ<br>থানাঃ   জেলাঃ<br>মোবাইল নং-   তারিখঃ | নামঃ<br><br>ঠিকানাঃ গ্রাম:-   পোঃ<br><br>থানাঃ   জেলাঃ<br><br>মোবাইল নং-<br>তারিখঃ |